

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ৯০২

বিষয়: জানুয়ারি -মার্চ ২০২৫ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

General Condition (সাধারণ অবস্থা):

১. জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ২০২৪ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +৩.৭, -১২.৬, -০.৩, -৬.৩, -৩.১, -৯.৫, +৭.৮, -১.০, +৪.২, +৬.৫ ও +১০.৮ (Bureau of Meteorology, Australia)।

২. ডিসেম্বর ২০২৪ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৯১%) বৃষ্টিপাত হয়েছে। ০৭ ডিসেম্বর ২০২৪ দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়। দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘনীভূত হয়ে ১০ ডিসেম্বর ২০২৪ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপ আকারে অবস্থান করে। দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ১২ ডিসেম্বর ২০২৪ শ্রীলঙ্কা উপকূলের নিকটে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করে। শ্রীলঙ্কা উপকূলের নিকটে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ১৩ ডিসেম্বর ২০২৪ ক্রমাগত দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। ১৭ ডিসেম্বর ২০২৪ দক্ষিণ বঙ্গোপসাগরের মধ্যভাগ ও তৎসংলগ্ন এলাকায় অন্য একটি লঘুচাপ তৈরি হয়। দক্ষিণ বঙ্গোপসাগরের মধ্যভাগ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘনীভূত হয়ে ১৮ ডিসেম্বর ২০২৪ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ আকারে অবস্থান করে। দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি আরও ঘনীভূত হয়ে ২১ ডিসেম্বর ২০২৪ পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় নিম্নচাপে পরিণত হয়। পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি ক্রমাগত দুর্বল হয়ে ২২ ডিসেম্বর ২০২৪ প্রথমে সুস্পষ্ট লঘুচাপ পরবর্তীতে নিম্নচাপে পরিণত হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। ঘূর্ণিঝড় ফেনজাল এর প্রভাবে ০১ ডিসেম্বর ২০২৪ এবং ৯, ২০ ও ২১ ডিসেম্বর ২০২৪ নিম্নচাপের প্রভাবে দেশের দু'এক জায়গায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হয়। এ মাসে একদিনে সর্বোচ্চ বৃষ্টিপাত ০৫ মি.মি. (সাতক্ষীরা ২১ ডিসেম্বর ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩.০°সে. (সন্দ্বীপ ও শীতাকুন্ডে ১ ডিসেম্বর ২০২৪) এবং দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৮.৪°সে. (তেতুলিয়া ১৩ ডিসেম্বর ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৮°সে. ও ০.৬°সে. বেশি এবং সারাদেশে গড় তাপমাত্রা ০.৭°সে. বেশি ছিল। তাপমাত্রা, ঘূর্ণিঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা ডিসেম্বর ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক জানুয়ারি -মার্চ ২০২৫ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	জানুয়ারি ২০২৫ খ্রি:		ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:		মার্চ ২০২৫ খ্রি:		জানুয়ারি ২০২৫ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	০৯	০৭-০৯	৩১	৩০-৩৫	৫৫	৫০ - ৬০	২৫-৩৫
ময়মনসিংহ	১০	০৮-০৯	২২	২০-২৫	৪৭	৪৫ - ৫০	৩০-৪০
চট্টগ্রাম	০৭	০৬-০৭	২৪	২০-২৫	৬১	৫৫ - ৬৮	৩০-৪০
সিলেট	০৭	০৬-০৭	৩৪	৩০-৪০	১২০	১১০ - ১৩০	৩০-৪০
রাজশাহী	০৯	০৭-০৮	১৮	২০-২৫	২৪	২০ - ৩০	২০-৩০
রংপুর	১১	০৯-১০	১০	১৫-২০	২৩	২০ - ২৫	২০-৩০
খুলনা	১৪	১১-১৩	৩৩	৩০-৩৫	৪১	৩৫ - ৪৫	২৫-৩৫
বরিশাল	০৯	০৭-০৮	২৭	২৫-৩০	৫৩	৫০ - ৬০	২৫-৩৫

- সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- দক্ষিণ বঙ্গোপসাগরে ১-৩টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি নিম্নচাপে পরিণত হতে পারে।
- দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।
- দেশের পশ্চিম, দক্ষিণপশ্চিমাঞ্চল, উত্তর ও উত্তরপূর্বাঞ্চলে ১-২টি মাঝারী (০৬-০৮)°সেঃ থেকে তীব্র (০৪-০৬)°সেঃ এবং ২-৩টি মৃদু (১০-০৮)°সেঃ থেকে মাঝারি (০৬-০৮)°সেঃ ধরনের শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে।
- শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের উত্তর, উত্তরপূর্বাঞ্চল, পশ্চিম, দক্ষিণপশ্চিমাঞ্চল, মধ্যাঞ্চল ও নদ-নদী অববাহিকায় মাঝারি/ ঘণ কুয়াশা এবং অন্যত্র হালকা/ মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে।
- দেশের উত্তর, উত্তরপশ্চিমাঞ্চল ও মধ্যাঞ্চলে ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরনের কালবৈশাখি বাড় হতে পারে।
- দেশের পশ্চিম, উত্তরপশ্চিমাঞ্চলের উপর দিয়ে ১-২ টি মৃদু (৩৬-৩৮)°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

৯১১১২৫
মোঃ মনিমুল ইসলাম
পরিচালক (চলত দায়িত্ব)
ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় উপদেষ্টা

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
- মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০।

- সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
- সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।